ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র




# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে





ROSEDIN ● Vol. - 1 ● Issue - 87 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৪৩ ● কলকাতা ● ২০ ভাদ্র, ১৪৩২ ● শনিবার ● ০৬ সেপ্টেম্বর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 50

## হিমালয়ের সমর্পণ যোগ



চিত্ত সর্বদা দৌড়ানোর জন্য চঞ্চল হয়ে যায়। আর এই ছুটন্ত চিত্ত যতক্ষণ না স্থির হয়ে যায়, ততক্ষণ আধ্যাত্মিক প্রগতি সম্ভব নয়।"

"মানুষের চিত্তের গতি খুব তীব্র হয়। তা ক্ষণিকের মধ্যে একস্থান থেকে অন্যস্থানে চলে যায়। সব থেকে বেশী শক্তিশালী হওয়া সত্ত্বেও চিত্ত সর্বদা অত্যন্ত গতিশীল হয়। চিত্ত ঐ শক্তিমান ঘোড়ার সমান, যার উপর ঠিকমত নিয়ন্ত্রণ না করলে তা ভুল দিশায় গিয়ে আমাদের ভ্রমিত করতে পারে।

এই চঞ্চল চিত্তরূপী ঘোড়ার উপর মানুষের অত্যন্ত নিয়ন্ত্রণ হওয়া প্রয়োজন, অন্যথায় মানুষের চিত্ত মানুষকে ভ্রমিত করতে পারে।

ক্রমশঃ

# বসুন্ধরা রাজের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক মোহন ভাগবতের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নয়াদিল্লি: রাজস্থানে বিজেপি ক্ষমতায় ফিরতেই বসুন্ধরা রাজে সিন্ধিয়া মুখ্যমন্ত্রী হবেন বলে ধরে নেওয়া হয়েছিল। কিন্তু জয় আসার পর সব হিসেব উলটে দেন নরেন্দ্র মোদি ও অমিত শাহ। কার্যত সকলকে চমকে দিয়ে অনামী ভজনলাল শর্মা। তারপর থেকেই প্রত্যক্ষ রাজনীতি থেকে দূরত্ব বাড়ান বসুন্ধরা। জল্পনা অবশ্য আরও রয়েছে, বিজেপির পরবর্তী সভাপতির নাম এখনও ঘোষিত হয়নি। শোনা যাচ্ছে সংঘ এবং বিজেপি একমত হতে না পারায় সভাপতির নাম ঘোষণা করা যাচ্ছে না। এর মধ্যেই 'মোদি বিরোধী' বসুন্ধরার সঙ্গে ভাগবতের বৈঠকে জল্পনা বাড়ছে। এবার রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের প্রধান মোহন ভগবত রাজ্যে যেতেই সক্রিয় হলেন তিনি। বৃহস্পতিবার বেশ কিছুক্ষণ একান্তে ভগবতের সঙ্গে বৈঠক করেন তিনি। বৈঠকের খবর প্রকাশ হতেই জল্পনা শুরু হয়েছে রাজনৈতিক মহলে। শুক্রবার থেকে রাজস্থানের যোধপুরে শুরু হচ্ছে

এরপর ৬ পাতায়






# এনডিএমসির ৮৮৯ জন ঠিকাদার কর্মী সরকারি অবহেলার শিকার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

নয়াদিল্লি পৌর পরিষদে (এনডিএমসি) কর্মরত প্রায় ৮৮৯ জন ঠিকাদার কর্মী চাকরি নিয়মিত করার প্রত্যাশায় বছরের পর বছর ধরে সরকারি অবহেলার শিকার হচ্ছেন।

ঠিকাদার কর্মীদের মতে, বছরের পর বছর ধরে কাজ করেও তাদের নিয়মিত করা হয়নি। এর ফলে তারা সমান কাজের জন্য সমান বেতন, ভাতা ইত্যাদি পান না। তার উপর, চাকরি সমাপ্তির হুমকি তাদের উপর সর্বদা ঝুলে থাকে।

নিয়মিত কর্মচারীদের সাথে বেতন না পেলে এনডিএমসি প্রশাসনের সৎমাতৃসুলভ আচরণ প্রতিফলিত হয়। সাধারণত, সমস্ত কর্মচারী এবং কর্মকর্তাদের মাসের শেষ বা প্রথম দিনে বেতন দেওয়া হয়, তবে তারা ৫-৬ দিন পরে বেতন পান।

সংক্ষুব্ধ ঠিকাদার কর্মীরা জানান যে, অনেকেই ২০-২৫ বছর ধরে চুক্তিতে চাকরি করছেন, কিন্তু তাদের কোনও সুযোগ-সুবিধা দেওয়া হচ্ছে না, অথচ সুপ্রিম কোর্ট স্পষ্টভাবে নির্দেশ দিয়েছে যে সমান কাজের জন্য সমান বেতন দেওয়া উচিত। এই ব্যবস্থা এমসিডিতেও প্রযোজ্য।

কর্মচারী ইউনিয়নের নেতা অশোক কুমারও এই ঠিকাদার কর্মীদের প্রতি অবিচারের বিরুদ্ধে শীর্ষ কর্মকর্তাদের কাছে একটি চিঠি লিখেছেন, কিন্তু তারা এখনও ন্যায়বিচার পাননি।

উল্লেখ্য যে, এনডিএমসির হাজার হাজার আরএমআর কর্মীর সাথে একই রকম বৈষম্য চলছিল, কিন্তু তারা আন্দোলনের অবস্থান গ্রহণের পর, সকলকে নিয়মিত করতে হয়েছিল।

## নিঃশর্ত ক্ষমা চাইতে হবে', মুখ্যমন্ত্রীকে চিঠি মমতাবালার সংগঠনের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

মতুয়া, নমঃশূদ্র, তপশিলিদের নিয়ে মহুয়া মৈত্রের মন্তব্যের পরিপ্রেক্ষিতে মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিলেন তৃণমূল সাংসদ মমতাবালা ঠাকুরের অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘ। সম্প্রতি কৃষ্ণনগর লোকসভার সাংসদ মহুয়া মৈত্র একটি কর্মসূচিতে মতুয়া, নমঃশূদ্র তপশিলিদের সম্পর্কে একটি মন্তব্য করেছেন, যা নিয়ে বিতর্ক তৈরি হয়েছে।মুখ্যমন্ত্রীর উপরে আমাদের বিশ্বাস আছে, মতুয়াদের ধর্মীয় ভাবাবেগের উপর যেভাবে আঘাত করেছেন মহুয়া, তাতে নিশ্চয় মুখ্যমন্ত্রী

এরপর ৪ পাতায়

# এসএসসি পরীক্ষার নয়া বিজ্ঞপ্তি জারি করল স্কুল সার্ভিস কমিশন

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

**কলকাতা:** SSC -এর নতুন পরীক্ষার বিজ্ঞপ্তি জারি করল স্কুল সার্ভিস কমিশন। নবম দশমের জন্য এই বছরের শূন্যপদ ২৩,২১২। একাদশ দ্বাদশে পরীক্ষার জন্য শূন্যপদ রাখা হয়েছে ১২,৫১৪। ১৭ শতাংশ ওবিসি তালিকা ধরে শূন্য পদের সংখ্যা প্রকাশ করা হয়েছে। ৭ সেপ্টেম্বর রবিবার এসএসসি নবম-দশম শ্রেণির পরীক্ষা হবে।গত বৃহস্পতিবার এই সংক্রান্ত মামলায় শীর্ষ আদালত জানিয়েছিল যদি একজনও অযোগ্য প্রার্থী এই পরীক্ষার্থীদের তালিকায় ঢোকে তাহলে তার ফল ভুগতে হবে এসএসসিকে। রীতিমতো হুঁশিয়ারি দিয়ে সুপ্রিম কোর্টের বিচারপতি সঞ্জয় কুমার বলে দিয়েছিলেন, চিহ্নিত অযোগ্যরা কোনওভাবেই যেন পরীক্ষায় বসতে না পারে তা দেখার দায়িত্ব স্কুল সার্ভিস কমিশনের। যদি এর অন্যথা হয়



তাহলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।১৪ সেপ্টেম্বর এসএসসির একাদশ-দ্বাদশের পরীক্ষা। স্কুলে ৩৫ হাজার ২৬০ শূন্যপদে নিয়োগের পরীক্ষার জন্য বিজ্ঞপ্তি জারি করেছে স্কুল সার্ভিস কমিশন।

SSC বিজ্ঞপ্তি জারি করার পর থেকেই উঠেছে বিতর্ক। আর সেই বিতর্ক তুলেছেন স্বয়ং শুভেন্দু অধিকারী। তিনি অত্যন্ত জোড়ের সঙ্গে জানিয়েছেন এসএসসি নতুন পরীক্ষাতেও দুর্নীতি করছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর দাবি এসএসসি পরীক্ষার প্রশ্ন বিক্রি করে দেওয়া হয়েছে। তাঁর বক্তব্য ওএমআর-এ ফাঁকি দিতে পারবে না বুঝেই এবার প্রশ্ন বিক্রি করছে তৃণমূল। আরও নতুন এজেন্ট নিয়োগ করা হচ্ছে। পরীক্ষার দুদিন আগে শুভেন্দু অধিকারীর দাবি ঘিরে তোলপাড় শুরু হয়েছে রাজ্যে। যদিও প্রশ্ন বিক্রির অভিযোগ খারিজ করেছে স্কুল সার্ভিস কমিশন। তারা জানিয়েছে দুটি পরীক্ষার প্রশ্নপত্রই সুরক্ষিত, আশঙ্কার কারণ নেই। বিজেপির তোলা যাবতীয় অভিযোগ অস্বীকার করেছে তৃণমূল।

আগেই সুপ্রিম কোর্ট থেকে নির্দেশ দেওয়া হয়েছিল ২০১৬ সালের প্যানেলের নন-টেন্টেডরা ফের পরীক্ষায় বসতেই পারবেন। আর যোগ্য শিক্ষকদের মধ্যে যারা নতুন করে নিয়োগ পরীক্ষায় বসবেন তাঁরা সুযোগ পাবেন নবম-দশম এবং একাদশ-দ্বাদশ শ্রেণির জন্য। কারও ক্ষেত্রেই পার্থক্য করা হবে না। পরীক্ষায় যারা বসবেন ইতিমধ্যেই তাঁরা পেয়ে গিয়েছেন প্রভিশনাল অ্যাডমিট কার্ড।






(১ম পাতার পর)

# বসুন্ধরা রাজের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক মোহন ভাগবতের

আরএসএসের সমন্বয় বৈঠক। সেই বৈঠকে যোগ দিতে দেশের বিভিন্ন প্রান্ত থেকে যোধপুরে এসেছেন সংঘের শীর্ষ নেতৃত্ব। তার আগেই জয়সলমেঢ়ে লালসাগর এলাকার আদর্শ বিদ্যামন্দিরে হাজির হয়ে ভগবতের সঙ্গে সাক্ষাৎ করেন বসুন্ধরা। তাঁদের মধ্যে প্রায় কুড়ি মিনিট একান্তে কথা হয়। তাতেই শোরগোল পড়ে গিয়েছে মরুরাজ্যের রাজনীতিতে। বৈঠকে ঠিক কী আলোচনা হয় তা সঠিক জানা যায়নি। কারণ সেই সময় ঘনিষ্ঠ কয়েকজনকে নিয়ে বসুন্ধরা ভগবতের সঙ্গে বৈঠক করেন। এঁরা হলেন, প্রাক্তন জেলা সভাপতি ভোপাল সিং বাদলা, প্রাক্তন রাজসিকো চেয়ারম্যান মেঘরাজ লোহিয়া, ঘনশ্যাম বৈষ্ণব।

সম্প্রতি, বসুন্ধরার একটি মন্তব্যকে কেন্দ্র করে রাজনীতিতে শোরগোল পড়ে যায়। তিনি জানান, এখন তিনি রাজনৈতিক নির্বাসনে রয়েছেন। তবে এই নির্বাসন আমৃত্যু নয়। অনেকেরই এরকম সময় আসে। কিন্তু সেইসময় সংযত থাকতে হয়। তবে তাঁদের দু'জনের বৈঠকের পর মরুরাজ্যের গেরুয়া শিবিরের রাজনীতিতে নয়া মোড় আসতে পারে বলে ধারণা রাজনৈতিক মহলে। ঘটনাচক্রে এই ভজনলাল শর্মা মুখ্যমন্ত্রী হিসাবে একেবারেই জনপ্রিয় নন। তাঁর আমলে রাজস্থানে একাধিক বিতর্কও হয়েছে। স্বাভাবিকভাবেই বসুন্ধরা ভাগবত বৈঠকে জল্পনা বাড়ছে।

# কলকাতার উপকণ্ঠ থেকে উদ্ধার নগদ ২৫ লক্ষ টাকা,গ্রেফতার উত্তরপাড়ার বাসিন্দা

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




কলকাতা মহানগরীর উপকণ্ঠ থেকে ২৫ লক্ষ টাকা নগদ পাওয়া গেল। হিসাব বহির্ভূত ওই টাকা বিকরাম চাঁদ মার্কেটের দোতলার ১১ নম্বর ঘরের সামনে থেকে যখন ব্যাগে করে নিয়ে যাচ্ছিল সেই সময় নির্দিষ্ট খবরের ভিত্তিতে তার গতিরোধ করে কলকাতা পুলিশের গোয়েন্দারা।

গোয়েন্দা সূত্রে খবর, ওল্ড চায়না বাজার এলাকায় ইদানিংকালে বিপুল পরিমাণ অর্থ বেআইনিভাবে লেনদেন হচ্ছে বলে বেশ কিছুদিন থেকে গোয়েন্দাদের কাছে খবর আসছিল। সেই অনুযায়ী গোয়েন্দারা বিভিন্ন সোর্স নেটওয়ার্ক মজবুত করে। শুরু হয় সাদা পোশাকে নজরদারি। আর তাতেই শুক্রবার দুপুরে বিপুল পরিমাণ বেআইনি অর্থের সন্ধান পায় কলকাতা পুলিশের গোয়েন্দা শাখা। উদ্ধার হয় নগদ পঁচিশ লক্ষ টাকা।আটক ব্যক্তির নাম সঞ্জীব মজুমদার। বয়স ৪৯ বছর। পিতার নাম স্বর্গীয় অনিল মজুমদার। বাড়ি হুগলি জেলার উত্তরপাড়ার ,১৩৩ দেবি পুকুর রোডে। ধৃত ব্যক্তির কাছ থেকে যে ব্যাগটি পাওয়া যায় তাতে তল্লাশি চালিয়ে গোয়েন্দারা ২৫ লক্ষ টাকা নগদ উদ্ধার করেন।

জানা গেছে, ৫০০ টাকার নোট মোট পাঁচ হাজারটি পাওয়া গিয়েছে। এই বিপুল পরিমাণ টাকা সে কোথায় নিয়ে যাচ্ছিল এবং কোথা থেকে সংগ্রহ করেছিল তার কোন সদুত্তর দিতে পারেন নি। পুলিশ ওই বিপুল পরিমাণ টাকা সহ বেআইনি লেনদেনের অভিযোগের ভিত্তিতে তাকে গ্রেফতার করে। ভিতের বিরুদ্ধে হেয়ার স্ট্রিক থানায় মামলা দায়ের করেছে পুলিশ। যার কেস নাম্বার ২০/২৫ U S ৩৫ BNSS. মৃত ব্যক্তিকে শনিবার আদালতে পেশ করবে পুলিশ। ধৃত ব্যক্তি এই বিপুল পরিমাণ টাকা কাকে দিতে সেখানে এসেছিল এবং কোথা থেকে নিয়ে এসেছিল তা জানতে এবং এই চক্রের পেছনে আর কারা আছে তার সন্ধান পেতে জোর কদমে তদন্ত করছে পুলিশ।

# পাট শিল্পে উদ্ভাবনে উৎসাহিত করলেন কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রীর সভা



**কলকাতা, ৫ সেপ্টেম্বর, ২০২৫**

কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী শ্রী গিরিরাজ সিং আজ কলকাতার ভারতীয় পাট শিল্প গবেষণা সংস্থায় (ইজিরা) এক সভায় ভাষণ দেন। সেখানে তিনি ভারতের অর্থনীতিতে পাট শিল্পের গুরুত্ব তুলে ধরেন এবং এই শিল্পকে আন্তর্জাতিক বাজারে আর-ও প্রতিযোগীমূলক করে তুলতে উদ্ভাবনের গুরুত্বের কথা বলেন। মন্ত্রী প্রতিষ্ঠানটির তৈরি নতুন ও আরও দক্ষ যন্ত্রের নমুনা পরিদর্শন করেন এবং পাট আঁশের মান নির্ধারণের জন্য কৃত্রিম বুদ্ধিমত্তা-ভিত্তিক শিল্প মডেলের চলমান কাজের খোঁজ নেন। তিনি বলেন, এই ধরনের প্রযুক্তিগত অগ্রগতি মানের মাপকাঠির উন্নয়নে, চাষীদের আত্মবিশ্বাস বৃদ্ধিতে এবং বাজার সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

পাট ভারতের অন্যতম প্রাচীন ও গুরুত্বপূর্ণ প্রাকৃতিক তন্তু বা আঁশ, যা মূলত পূর্ব ভারতে চাষ হয়। পাট তৈরির প্রক্রিয়ায় কয়েকটি ধাপ রয়েছে — জাগ দেওয়া, আঁশ বের করা, সুতো তৈরি ও বুনন। জাগ দেওয়ার প্রচলিত পদধতিতে প্রচুর জলের প্রয়োজন এখনও একটি প্রধান সমস্যা। অন্যদিকে সুতো কাটা ও প্রস্তুতির অনেক যন্ত্রই পুরনো এবং স্বাভাবিক ভাবেই খরচ সাপেক্ষ। এই সীমাবদ্ধতাগুলি উৎপাদনশীলতা কমায় এবং চাষীদের আগ্রহ সীমিত রাখে। কম জলে জাগ দেওয়া এবং কৃত্রিম বুদ্ধিমত্তা ভিত্তিক আঁশের মান নির্ধারণের মতো নতুন প্রযুক্তি এই সমস্যাগুলি লাঘব করবে, ভাল মানের আঁশ দেবে এবং আমদানি করা যন্ত্রের ওপর নির্ভরশীলতা কমাবে বলে আশা করা হচ্ছে।

এরপর ৫ পাতায়

## সম্পাদকীয়

### ফরাক্কায় পুলিশকে লক্ষ্য করে বোমা

দুষ্কৃতীদের ধরতে গিয়ে আক্রান্ত হল পুলিশ। অভিযানে নামতেই দুষ্কৃতীরা পুলিশকে লক্ষ্য করে বোমাবর্ষণ শুরু করে। ঘটনায় গুরুতর আহত হন তিনজন সিভিক ভলান্টিয়ার। এছাড়া, অল্পবিস্তর জখম হয়েছেন দু'জন পুলিশকর্মীও। বুধবার গভীর রাতে ফরাক্কার শিবনগরে এই ঘটনায় ব্যাপক উত্তেজনা ছড়িয়েছে।অভিযানের মধ্যেই পুলিশ ছয় দুষ্কৃতীকে পাকড়াও করতে সক্ষম হয়। বাকিরা অন্ধকারের সুযোগে পালিয়ে যায়। পলাতক দু'জনকে খুঁজতে তল্লাশি জারি রয়েছে।অর্জুনপুর পঞ্চায়েতের সদস্য আক্তার হোসেন বলেন, সমাজবিরোধীরা এলাকায় অশান্তি ছড়াচ্ছিল। খবর পেয়ে পুলিশ পৌঁছলেও উল্টে তাঁদের লক্ষ্য করেই বোমা ছোড়া হয়েছে। বোমাবর্ষণের ঘটনায় গ্রামজুড়ে আতঙ্ক ছড়িয়েছে।পুলিশ ছয় দুষ্কৃতীকে গ্রেফতার করলেও আরও দু'জন পলাতক রয়েছে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, বুধবার বিকেলে ফরাক্কার শিবনগরে দুই গোষ্ঠীর মধ্যে বচসা বাঁধে। অভিযোগ, একদল যুবক নেশাগ্রস্ত অবস্থায় এলাকায় আড্ডা দিচ্ছিল। তখনই আরেকদল যুবকের সঙ্গে তাঁদের বাগবিতণ্ডা শুরু হয়। কথা কাটাকাটির জেরে হাতাহাতি গড়ায় রণক্ষেত্রে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, সংঘর্ষে এক যুবকের কান কেটে যায়। তাঁকে গুরুতর জখম অবস্থায় বেনিয়াগ্রাম হাসপাতালে ভর্তি করা হয়। সন্ধ্যা নাগাদ আহত যুবক চিকিৎসার পর ভাইকে নিয়ে বাড়ি ফিরছিলেন। সেই সময় ফের তাঁকে আটকায় দুষ্কৃতীরা। অভিযোগ, ফের মারধরের চেষ্টা করা হয়। ভাই কোনওভাবে প্রাণ বাঁচিয়ে পালাতে সক্ষম হন।

খবর পেয়ে ফরাক্কা থানার পুলিশ তল্লাশি শুরু করে। লালমাটি মাদ্রাসার কাছে গেলে আটজন দুষ্কৃতী আচমকাই পুলিশকে লক্ষ্য করে বোমা ছোড়ে। তাতে তিনজন সিভিক ভলান্টিয়ারের শরীরে স্প্লিন্টার ঢুকে যায়। তাঁদের মধ্যে একজনের শরীরে পাঁচটি সেলাই পড়েছে, অন্যজনের শরীরে দু'টি। বাকি এক সিভিক ভলান্টিয়ার এবং দুই পুলিশকর্মীও আঘাত পান। পুলিশ জখমদের দ্রুত অর্জুনপুর হাসপাতালে নিয়ে যায়। চিকিৎসার পর সকলকে রাতেই ছেড়ে দেওয়া হয়। তবে হঠাৎ পুলিশকে লক্ষ্য করে বোমাবর্ষণের ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(তেরোতম পর্ব)



পথে পড়েছিল বাড়ুইপুর, গড়িয়া বোড়াল ইত্যাদি গ্রাম। নৌকো পেরিয়ে যাচ্ছে কালীঘাট । একটু দূরে নৌকো এসে পৌঁছল মুন্সীগঞ্জের কাছে। এখান থেকে ডানদিকে বাঁক নিয়ে গঙ্গা সোজা বয়ে গেছে কলকাতা চিৎপুর গ্রাম হয়ে হুগলীর দিকে। বাঁদিকে সংকীর্ণ খাড়ি বা খাল। তারা এখানে খাল পেরিয়ে মেদিনী পুর হয়ে পুরী যান। শ্রীচৈতন্যদেব শাক্ত তীর্থ কালীঘাট সম্বন্ধে ওয়াকিবহাল ছিলেন।

বেশ বোঝাই যাচ্ছে ৫০০ বছর আগে থেকেই ঐতিহাসিক তথ্যে কালীঘাট মন্দির প্রতিষ্ঠিত হয়ে গিয়েছে।

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

## নিঃশর্ত ক্ষমা চাইতে হবে', মুখ্যমন্ত্রীকে চিঠি মমতাবালার সংগঠনের

হস্তক্ষেপ করবেন।" সম্প্রতি এক সভা থেকে মহুয়া বলেছিলেন, "সারা বছর তৃণমূলী, আর ভোটের সময় সনাতনী। এগুলো কী অঙ্ক ভাই? এক-একটা SC বুথে আমরা হাজার টাকা লক্ষ্মীর ভান্ডার পেলে, SC-র মহিলারা ১২০০ টাকা পান। অথচ প্রতিটি এসসি বুথে-নমঃশূদ্র বুথে-মতুয়া বুথে ১০০টা ভোট গুনলে ৮৫টা বিজেপি, ১৫টা অন্য পার্টি। বাপরে-বাপরে-বাপ। কাজের সময় মমতা, রাস্তার সময় মমতা। কাঠের মালা পরে ভাই সব তো চলে আসেন ভাতা নিতে তখন কী হয়? বাস্তব কথা বলছি আমি শুনতে খারাপ লাগে।"তার পরিপ্রেক্ষিতে দলমত নির্বিশেষে ঠাকুরবাড়ি থেকে প্রতিবাদের সুর শোনা যাচ্ছে। শান্তনু ঠাকুর এবং মমতাবালা ঠাকুরের অনুগামী মতুয়ারা নিঃশর্ত ক্ষমা চাওয়ার জন্য নির্দিষ্ট সময় বেঁধে দিয়েছিলেন, কিন্তু সেই সময় পার হওয়ার পরও মহুয়া মৈত্র ক্ষমা চাননি বলে অভিযোগ। তাই এবার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিলেন তাঁরা। অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘের সাধারণ সম্পাদক সুকেশ চৌধুরী বলেন, "সংবাদমাধ্যমের মাধ্যমে মহুয়া মৈত্রকে আমরা বার্তা দিয়েছিলাম, যাতে তিনি তাঁর মন্তব্য তুলে নেন এবং নিঃশর্ত ক্ষমা চান। কিন্তু তিনি তা করেননি। সেই কারণে অল ইন্ডিয়া মতুয়া মহাসঙ্ঘের পক্ষ থেকে আমরা মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছি।

### বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

বুদ্ধকপালের মূর্তি ভীষণাকৃতি, দ্রংষ্টাকরাল মুখ, অগ্নিশিখার ন্যায় কেশরাজি, আরক্তচক্ষু এবং ক্রোধোদ্দীপ্ত মুখমণ্ডল। ইনি একমুখ ও চতুর্ভুজ এবং ইঁহার বর্ণ নীল। চারিটি হস্তে খট্টাঙ্গ, কপাল, কর্ত্রি এবং ডমরু ধারণ করেন,

**ক্রমশঃ**


**• সতর্কীকরণ •**

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# শিক্ষকদের জাতীয় পুরস্কার প্রদান করলেন রাষ্ট্রপতি

**নতুন দিল্লি, ৫ সেপ্টেম্বর, ২০২৫**

রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু আজ শিক্ষক দিবসে (৫ সেপ্টেম্বর, ২০২৫) নতুন দিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে সারা দেশের শিক্ষকদের জাতীয় পুরস্কার প্রদান করেন।




সমাবেশে রাষ্ট্রপতি বলেন, খাদ্য, পোশাক ও বাসস্থানের মতো শিক্ষাও একজন ব্যক্তির মর্যাদা ও নিরাপত্তার জন্য অপরিহার্য। সংবেদনশীল শিক্ষকরা শিশুদের মধ্যে মর্যাদা ও নিরাপত্তার বোধ জাগিয়ে তোলার জন্য কাজ করেন। নিজের শিক্ষক জীবনের স্মৃতিচারণ করে রাষ্ট্রপতি সেই পর্বকে তাঁর জীবনের এক অত্যন্ত অর্থপূর্ণ সময় বলে বর্ণনা করেন।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষা একজন ব্যক্তিকে সক্ষম করে তোলে। দরিদ্রতম প্রেক্ষাপটে থাকা শিশুরাও শিক্ষার শক্তি দিয়ে অগ্রগতির আকাশ স্পর্শ করতে পারে। শিশুদের এই ডানা মেলার শক্তি যোগাতে স্নেহময় ও নিষ্ঠাবান শিক্ষকরা সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। শিক্ষকদের জন্য সবচেয়ে বড় পুরস্কার হল, তাঁদের ছাত্রছাত্রীরা তাঁদের সারা জীবন মনে রাখেন। শিক্ষকরা পরিবার, সমাজ ও দেশের জন্য প্রশংসনীয় অবদান রাখেন।

রাষ্ট্রপতি বলেন, শিক্ষার্থীদের চরিত্র গড়ে তোলাই একজন শিক্ষকের প্রাথমিক কর্তব্য। যেসব ছাত্র-ছাত্রী কেবল প্রতিযোগিতা, পুঁথিগত বিদ্যা ও স্বার্থপরতায় আচ্ছন্ন, তাদের থেকে মূল্যবোধসম্পন্ন, সংবেদনশীল, দায়িত্বশীল ও নিষ্ঠাবান শিক্ষার্থীরা অনেক ভালো বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, একজন ভালো শিক্ষকের আবেগ ও বুদ্ধি উভয়ই থাকে। আবেগ এবং বুদ্ধির সমন্বয়ও শিক্ষার্থীদের প্রভাবিত করে।

রাষ্ট্রপতি বলেন, স্মার্ট ব্ল্যাকবোর্ড, স্মার্ট শ্রেণিকক্ষ এবং অন্যান্য আধুনিক সুযোগ-সুবিধার নিজস্ব গুরুত্ব রয়েছে। কিন্তু সবচেয়ে গুরুত্বপূর্ণ হল স্মার্ট শিক্ষক। যাঁরা ছাত্রছাত্রীদের বিকাশের প্রয়োজনীয়তা বোঝেন, তাঁরাই হলেন স্মার্ট শিক্ষক। এই ধরণের শিক্ষকরা স্নেহ ও সংবেদনশীলতার সঙ্গে শিক্ষার প্রক্রিয়াকে আকর্ষণীয় ও কার্যকর করে তোলেন। তাঁদের ছাত্রছাত্রীরা সমাজ ও দেশের চাহিদা পূরণে সক্ষম হয়ে ওঠে।

রাষ্ট্রপতি বলেন, মেয়েদের শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দিতে

এরপর ৬ পাতায়


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line - 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্তা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |





(৩ পাতার পর)

## পাট শিল্পে উদ্ভাবনে উৎসাহিত করলেন কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রীর সভা

ইজিরার বিজ্ঞানীরা শ্রী সিংকে জানান যে দুটি উন্নত যন্ত্রের অর্ডার দেওয়া হয়েছে এবং চীনা যন্ত্রের ওপর ভারতের নির্ভরশীলতা কমছে। তিনি বলেন, বিনিয়োগকারীদের লাভের চিন্তা যেকোনো নতুন প্রযুক্তির মূলে থাকবে। তিনি এছাড়াও যন্ত্র নির্মাণে উদ্ভাবনের প্রয়োজনীয়তার কথা বলেন, যেমন খরচ কমাতে লোহার বদলে কার্বন ফাইবার ব্যবহার। তিনি সরকারের "এক মিল এক গ্রাম" উদ্যোগের কথাও উল্লেখ করেন, যা পাট প্রক্রিয়াকরণকে কেন্দ্র করে গ্রামীণ জীবিকা গড়ে তোলার লক্ষ্য রাখে। মন্ত্রী বলেন, ভারত যদি সুস্থায়ী উন্নয়নের লক্ষ্য পূরণ করতে চায় তাহলে ২০৩০ সালের মধ্যে প্রাকৃতিক তন্তুর উল্লেখযোগ্য উন্নতি দরকার। পাটের সঙ্গে অন্যান্য কাপড়ের মিশ্রণ ফ্যাশনের ক্ষেত্রে এর চাহিদা বাড়াতে পারে এবং রপ্তানি বর্তমানের ৪,০০০ কোটি টাকার চেয়ে অনেক বেশি হতে পারে।

শ্রী সিং বাঁশ ও শীশামের মতো সহযোগী কৃষির গবেষণার কথাও তুলে ধরেন। বাঁশের প্রথম ফসল আসতে চার বছর লাগলেও এর পর প্রতি এক থেকে দু'বছরে ফসল কাটা যায়। আরও সুবিধা হল ভূগর্ভস্থ জলের পুনর্ভরণ এবং মিশ্র চাষ ব্যবস্থায় সহায়তা।

মন্ত্রী শেষে কলকাতার প্রতিষ্ঠানগুলির কাজকে স্বীকৃতি দেন। ইজিরা, কেন্দ্রীয় পাট ও সহযোগী আঁশ গবেষণা ইনস্টিটিউট (ক্রিজাফ, এবং জাতীয় প্রাকৃতিক তাঁত প্রকৌশল ও প্রযুক্তি সংস্থার (নিনফেট) মত সংস্থাগুলি চাষী, শিল্প ও নীতি নির্ধারকদের মধ্যে সেতুর কাজ করে। তিনি বলেন, বিশ্বের বৃহত্তম পাট উৎপাদক হিসেবে ভারতের রয়েছে প্রাকৃতিক আঁশ প্রযুক্তিতে নেতৃত্ব দেওয়ার সম্ভাবনা। সুস্থায়ী উদ্ভাবন ও বৈচিত্র্যকরণের মাধ্যমে এই ক্ষেত্রে উচ্চতর বৃদ্ধি এবং আশাপ্রদ আন্তর্জাতিক উপস্থিতি সম্ভব হবে বলে তিনি আস্থা ব্যক্ত করেন।

# আদর্শ শিক্ষক সম্মান দেওয়া হলো সমাজ সংস্কারের শিক্ষক রূপে স্বপন দত্ত বাউলকে

**সংবাদদাতা রোজ দিন**



২০২৫ বর্ষে গোদা পূর্ব বর্ধমানের বেঙ্গল ফেথ হাসপাতালের এস. আই . এম . এস . সংস্থা ওনারা স্বপন দত্ত বাউল কে আদর্শ শিক্ষক সম্মানের জন্য নির্বাচিত করলেন। এবং বেঙ্গল ফেথ সচেতনতার ক্যাম্পে সমাজ সংস্কারের শিক্ষক ডক্টর স্বপন দত্ত বাউল কে আদর্শ শিক্ষক সম্মানে সম্মানিত করলেন। নার্স ও ডাক্তার বাবুদের উপস্থিতিতে বেঙ্গল ফেথ এর পক্ষে ডাক্তার সৌমেন সিংহ রায় ও সিনিয়র কোওডিনেটর মিসাইল দত্ত মহাশয় রাষ্ট্রপতির সম্মানিত শিল্পী স্বপন দত্ত বাউল কে উত্তরীয় পরিয়ে পুষ্প স্তবক দিয়ে মানপত্র এবং মিষ্টান্ন উপহার দিয়ে আদর্শ শিক্ষকের সম্মান দিলেন । বেঙ্গল ফেথ এর পক্ষে মিসাইল দত্ত মহাশয় বলেন স্বপন দত্ত শুধু মাত্র বাউল শিল্পী নন তিনি নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ সচেতন, কুসংস্কার, কুপ্রথা, দূরীকরণ দেশে ,বিদেশে ,শান্তি সম্প্রীতির বাউল গানের বার্তায় সমাজ সংস্কারকের একজন শিক্ষক। ডাক্তার সৌমেন সিংহ রায় বলেন স্বপন দত্ত গত ৪৮ বছর ধরে লেখা পড়ায় গৃহ শিক্ষক তো বটেই এছাড়ও ওনার বহুমূখী প্রতিভার শিল্প কলা ছবি আঁকা, হস্ত শিল্প ,তবলা , গান , আবৃত্তি, ম্যাজিক প্রভৃতি বিষয় নিয়ে ছাত্র ছাত্রীদের শিক্ষা দিয়ে চলেছেন গত ৪৮ বছর ধরে। নিঃস্বার্থ ভাবে বিনা পয়সায় দুস্থ, অনাথ, গরীব, দুস্থ প্রতিবন্ধী ছাত্র ছাত্রীদের গত ৪৮ বছর ধরে বহুমূখী শিল্প কলা শিক্ষা দেওয়া স্বপন দত্ত বাউলের এক অনন্য অবদান। অনেকেরি ভুল ধারণা আছে যে শুধু মাত্র স্কুলে শিক্ষকতা করলেই তারাই আদর্শ শিক্ষকের সম্মান পাওয়ার যোগ্য। কিন্তু এটা ঠিক নয় এই সমাজে এমন অনেক মহতী মানুষ আছেন যারা স্কুল শিক্ষক না হলেও সমাজে গৃহ শিক্ষক হিসাবে এবং বহুমূখী শিল্প কলায় শিক্ষক হিসাবে তাদের অবদান কোনো অংশে কম নয়। উদাহরণ স্বরূপ যেমন বহুমূখী প্রতিভাবান শিল্পী ও লেখা পড়া এবং বহুমূখী শিল্প কলার শিক্ষক খাজা আনোয়ার বেড় পূর্ব বর্ধমানের রাষ্ট্রপতির প্রসংশিত ,সম্মানিত আশির্বাদ ধন্য , উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী ডক্টর স্বপন দত্ত বাউল। বেঙ্গল ফেথ স্বপন দত্ত বাউল কে আদর্শ শিক্ষক সম্মানে সম্মানিত করে শিক্ষকদের মধ্যে এক নজির সৃষ্টি করলেন। এ প্রসংগে স্বপন দত্ত বাউল বলেন আমি হিসাবশাস্ত্রে অনার্স ছাত্র ছাত্রীদের পড়াই গৃহ শিক্ষক, এছাড়া মধুমিতা বিদ্যা মন্দিরের শিক্ষক, এবং নিঃস্বার্থ সমাজ সংস্কারকের শিক্ষক, এছাড়াও আমার বহুমূখী প্রতিভার মাধ্যমে নানান শিল্পকলা গত ৪৮ বছর ধরে অসংখ্য ছাত্র ছাত্রীদের শিক্ষা দিয়ে স্বনির্ভর করেছি এবং এখনো করে চলেছি। এত দিন শুধু মাত্র আমি স্কুল শিক্ষক নয় বলে কেউ কখনও আমাকে শিক্ষক দিবসে আদর্শ শিক্ষকের সম্মান দেয় নাই । জীবনে এই প্রথম বেঙ্গল ফেথ হাসপাতাল এস. আই. এম. এস .সংস্থা আমাকে ২০২৫ জাতীয় শিক্ষক দিবসে আমাকে আদর্শ শিক্ষক সম্মান দিলেন যা আমার জীবনে এক বড় অমুল্য ধণ পাওয়া।

(৫ পাতার পর)

# শিক্ষকদের জাতীয় পুরস্কার প্রদান করলেন রাষ্ট্রপতি

হবে। মেয়েদের শিক্ষায় বিনিয়োগ করে আমরা আমাদের পরিবার, সমাজ ও জাতি গঠনে অমূল্য বিনিয়োগ করি। তিনি বলেন, মেয়েদের সর্বোত্তম শিক্ষা প্রদানই হল মহিলা-নেতৃত্বাধীন উন্নয়নকে উৎসাহ দেওয়ার সবচেয়ে কার্যকর উপায়। তিনি উল্লেখ করেন যে, ২০২০-র জাতীয় শিক্ষানীতিতে কস্তুরবা গান্ধী বালিকা বিদ্যালয়গুলির সম্প্রসারণ এবং অনগ্রসর শ্রেণীর মেয়েদের জন্য বিশেষ শিক্ষার সুযোগ-সুবিধা প্রদানের ওপর জোর দেওয়া হয়েছে। কিন্তু শিক্ষা সংক্রান্ত যে কোনও উদ্যোগের সাফল্য মূলত শিক্ষকদের উপর নির্ভর করে। তিনি শিক্ষকদের বলেন, মেয়েদের শিক্ষায় তাঁরা যত বেশি অবদান রাখবেন, শিক্ষক হিসেবে তাঁদের জীবন তত বেশি অর্থপূর্ণ হবে। তিনি তুলনামূলকভাবে পিছিয়ে থাকা বা অনগ্রসর প্রেক্ষাপট থেকে আসা মেয়েরা সহ সমস্ত শিক্ষার্থীর প্রতি বিশেষ মনোযোগ দেওয়ার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানান। রাষ্ট্রপতি বলেন, জাতীয় শিক্ষানীতির লক্ষ্য হল ভারতকে বিশ্ব জ্ঞানের মহাশক্তি হিসাবে গড়ে তোলা। এর জন্য আমাদের শিক্ষকদের অবশ্যই বিশ্বের সেরা শিক্ষক হিসেবে স্বীকৃতি অর্জন করতে হবে। বিদ্যালয় স্তরের শিক্ষা, উচ্চশিক্ষা এবং দক্ষতা প্রশিক্ষণ – তিনটি ক্ষেত্রেই আমাদের প্রতিষ্ঠান এবং শিক্ষকদের সক্রিয় অবদান রাখতে হবে। আমাদের শিক্ষকরা তাঁদের গুরুত্বপূর্ণ অবদানের মাধ্যমে ভারতকে বিশ্ব জ্ঞানের মহাশক্তি হিসেবে প্রতিষ্ঠিত করবেন বলে রাষ্ট্রপতি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

# নেতাজির কন্যাকে সম্মান জানালেন সুপ্রিম কোর্টের বিশিষ্ট আইনজীবী জয়দীপ মুখার্জি

**বেবি চক্রবর্তী: দিল্লী**



ইতিহাস আর আবেগের এক অনন্য সংযোগের সাক্ষী রইল জার্মানির আউগসবুর্গ শহর। এক হৃদয়স্পর্শী অনুষ্ঠানে বিশিষ্ট ব্যক্তিত্ব ও আইনজীবী জয়দীপ মুখার্জি সম্মান জানালেন নেতাজি সুভাষচন্দ্র বসুর কন্যা অধ্যাপিকা অনিতা বোস ফাফকে।

এই বিশেষ উপলক্ষে মুখার্জি অধ্যাপিকা ফাফের হাতে তুলে দিলেন নেতাজির এক বিরল আলোকচিত্র ও বেশ কিছু উপহার। তিনি জানান, এই উদ্যোগ নেতাজির অবিনশ্বর উত্তরাধিকারের প্রতি শ্রদ্ধা জানানোর এক ক্ষুদ্র প্রয়াস।

অধ্যাপিকা অনিতা বোস ফাফ সৌজন্য সহকারে এই সম্মান গ্রহণ করেন এবং জানান, বিশ্বের নানা প্রান্তে ভারতীয়দের হৃদয়ে নেতাজি আজও জীবন্ত।

তিনি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, “আমার পিতার প্রতি এই অটুট ভালোবাসা ও শ্রদ্ধা আমাদের পরিবারের কাছে এক অনন্য গর্ব।” জয়দীপ মুখার্জি নিজের অনুভূতি প্রকাশ করতে গিয়ে বলেন, “এক মহান স্বাধীনতা সংগ্রামীর কন্যাকে শ্রদ্ধা জানানোর এই মুহূর্ত আমার জীবনের অন্যতম আবেগঘন অধ্যায়। নেতাজি যেভাবে কোটি ভারতীয়কে স্বাধীনতার লড়াইয়ে অনুপ্রাণিত করেছিলেন, তা আজও সমানভাবে প্রাসঙ্গিক।”

এই অনুষ্ঠান প্রমাণ করল, নেতাজি সুভাষচন্দ্র বসুর উত্তরাধিকার শুধু ভারতের সীমানায় সীমাবদ্ধ নয়, তা আজও বিশ্বের নানা প্রান্তে সমান মর্যাদায় প্রতিষ্ঠিত। একই সঙ্গে এই সম্মাননা তার পরিবারের অবদানের প্রতিও বিশ্ববাসীর আন্তরিক শ্রদ্ধার বহিঃপ্রকাশ।

# সিনেমার খবর

## বিয়ের দিনেই বিয়ে ভেঙে যায় হেমা মালিনীর

স্টাফ রিপোর্টার, রোজদিন



ভারতের হিন্দি সিনেমার ‘ড্রিম গার্ল’ হেমা মালিনী প্রেম ও বিয়ের ঘটনা সিনেমার গল্পকেও হার মানায়। প্রেম করে বিয়ে করার কারণে দীর্ঘদিন চর্চায় ছিলেন ধর্মেন্দ্র ও হেমা মালিনী। তবে ধর্মেন্দ্রকে বিয়ে করার আগে তিনজন বড় তারকা হেমা মালিনীকে বিয়ের প্রস্তাব দিয়েছিলেন।

তাদের মধ্যে একজনের সঙ্গে হেমা মালিনীর বিয়ের কথা পাকাপাকি হলেও, সেই বিয়ে ভেঙে যায় বিয়ের দিন। বিয়ে ভাঙার ওই ঘটনা হেমা মালিনী লিখেছেন তার জীবনীতে। সেই ঘটনা তুলে এনেছে টাইমস অব ইন্ডিয়া। ভারতের এই সংবাদমাধ্যমটি লিখেছে, অভিনেতা সঞ্জীব কুমার একবার নয়, হেমা মালিনীকে বিয়ের প্রস্তাব পাঠিয়েছিলেন দুইবার। দ্বিতীয়বার সঞ্জীব কুমার তার পক্ষ থেকে জিতেন্দ্রকে হেমা মালিনীর কাছে বিয়ের প্রস্তাব দিয়ে পাঠিয়েছিলেন। তবে সেখানে একটি ঘটনা ঘটান জিতেন্দ্র। তিনি অভিনেত্রীকে সঞ্জীব কুমারের প্রস্তাবটি না দিয়ে, নিজের পক্ষ থেকে বিয়ের প্রস্তাব দেন।

এরপর তিরুপতি মন্দিরে হেমা মালিনী ও জিতেন্দ্রর বিয়ের আয়োজনও সেরে নিয়েছিল দুই পরিবার। ওই সময় ঘটনা নেয় নাটকীয় মোড়। জিতেন্দ্রর শৈশবের প্রেমিকা শোভা সিপ্পি ছুটে যান ধর্মেন্দ্রর কাছে, কারণ তিনি জানতেন ধর্মেন্দ্র হেমা মালিনীকে পছন্দ করেন। শোভা জিতেন্দ্র-হেমা মালিনীর বিয়ে ভেঙে দেওয়ার জন্য ধর্মেন্দ্রর কাছে অনুরোধ জানিয়েছিলেন। এরপর শোভা ও ধর্মেন্দ্র একসঙ্গে বিশেষ বিমানে চড়ে পৌঁছে যান মন্দিরে।

সেখান গিয়ে শোভা জিতেন্দ্রকে বলেন, দিনি ১৪ বছর বয়স থেকে অভিনেতার প্রেমে পড়েছেন। অন্যদিকে হেমা মালিনী যেন বিয়ের পিড়িতে না বসেন, ধর্মেন্দ্র সেই অনুরোধ করতে থাকেন। দুই পরিবারই বিব্রতকর পরিস্থিতির মধ্যে পড়ে যায়; আর শেষমেশ হেমা মালিনী-জিতেন্দ্রর বিয়ে ভেঙে যায়। হেমা মালিনী তার জীবনীতে লিখেছেন জিতেন্দ্রর সঙ্গে বিয়ে আটকাতে মরিয়া হয়ে উঠেছিলেন ধর্মেন্দ্র।

## বিপাকে শ্রদ্ধা



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউড অভিনেত্রী শ্রদ্ধা কাপুর বিপাকে পড়েছেন। তার সামাজিক যোগাযোগমাধ্যম লিংকডইনের অ্যাকাউন্ট ব্লক করা হয়েছে। এটা নিয়েই এই নায়িকা পড়েছেন ঝামেলায়।

২৩ আগস্ট রাতে ইনস্টাগ্রামে পোস্ট দিয়ে শ্রদ্ধা জানান, নিজের ভেরিফায়েড ও প্রিমিয়াম লিংকডইন অ্যাকাউন্টে প্রবেশ করতে পারছেন না তিনি।


এ বিষয়ে ইনস্টাগ্রাম স্টোরিতে শ্রদ্ধা লিখেছেন, ‘প্রিয় লিংকডইন, আমি আমার নিজের অ্যাকাউন্টে প্রবেশ করতে পারছি না কারণ লিংকডইন মনে করছে এটি ভুয়া। কেউ কি আমাকে সাহায্য করতে পারবেন? অ্যাকাউন্টটি সেটআপ করা, প্রিমিয়াম এবং ভেরিফায়েড, তবুও কেউ এটি দেখতে পাচ্ছে না।’

ঘটনাটি লিংকডইনের ভেরিফিকেশন বা মডারেশন সিস্টেমের ভুল বোঝাবুঝির কারণে ঘটেছে বলে মনে করা হচ্ছে। জানা গেছে, উদ্যোক্তা কার্যক্রম শেয়ার করার উদ্দেশ্যে খোলা শ্রদ্ধার ওই অ্যাকাউন্ট ভুলবশত ফ্ল্যাগ হয়ে ব্লক হয়ে গেছে।

ভারতীয় গণমাধ্যম সূত্রে জানা গেছে, এখনও লিংকডইনের পক্ষ থেকে এ বিষয়ে কোনো আনুষ্ঠানিক প্রতিক্রিয়া বা তার অ্যাকাউন্টের বর্তমান অবস্থা নিয়ে ব্যাখ্যা দেওয়া হয়নি।

## আসছে ‘রাগিনী এমএমএস ৩’, মুখ্য ভূমিকায় তামান্না

স্টাফ রিপোর্টার, রোজদিন



২০১১ সালে শুরু হওয়া একতা কাপুরের কাল্ট ইরোটিক-হরর ফ্র্যাঞ্চাইজি ‘রাগিনী এমএমএস’ আবার ফিরছে নতুন কিস্তি নিয়ে। এবার ‘রাগিনী এমএমএস ৩’-এর মুখ্য চরিত্রে দেখা যাবে তামান্না ভাটিয়াকে।

ঘনিষ্ঠ সূত্র জানিয়েছে, একতা কাপুর ইতিমধ্যেই চিত্রনাট্যের কাজ শুরু করেছেন। তামান্না গল্পের ভৌতিক টুইস্ট শুনে নাকি বিস্মিত হয়েছিলেন। আগের মতো এবারও থাকবে আকর্ষণীয় গান ও চমকপ্রদ টার্ন।

গল্প শুরু হবে আগের সিক্যুয়েলের ধারাবাহিকতা থেকে- এক পোড়ো বাড়ির রহস্য, ব্যাচেলার পার্টি, সম্পর্কের টানাপোড়েন এবং ওইজা বোর্ড ঘিরে অদ্ভুত সব ঘটনা।

২০২৫ সালের শেষ নাগাদ শুটিং শুরু করার পরিকল্পনা রয়েছে। যদিও অন্য চরিত্রে কারা থাকবেন তা এখনো চূড়ান্ত নয়। তামান্নাকে কেন্দ্র করেই এবার নতুনভাবে ‘রাগিনী’ ফিরে আসছে।

# অবসর ভেঙে দক্ষিণ আফ্রিকা দলে সাবেক অধিনায়ক

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

চার বছর পর আন্তর্জাতিক ক্রিকেটে ফেরার পথে বড় এক ধাপ এগিয়েছেন দক্ষিণ আফ্রিকার সাবেক অধিনায়ক ডানে ফন নিকার্ক। আসন্ন উইমেন'স ওয়ানডে বিশ্বকাপের জন্য অনুশীলন ক্যাম্পের দলে ডাক পেয়েছেন ৩২ বছর বয়সী এই অলরাউন্ডার।

ক্রিকেট দক্ষিণ আফ্রিকার (সিএসএ) ফিটনেসের মানদণ্ড পূরণ করতে ব্যর্থ হয়ে ঘরের মাঠে ২০২৩ টি-টোয়েন্টি বিশ্বকাপের দলে জায়গা না পাওয়ায় ওই বছরের মার্চে ২৯ বছর বয়সে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বলে দেন ফন নিকার্ক। তবে ঘরোয়া ও ফ্র্যাঞ্চাইজি ক্রিকেটে খেলে যান তিনি।

এই লেগ স্পিনিং অলরাউন্ডার সবশেষ আন্তর্জাতিক ক্রিকেটে খেলেছেন ২০২১ সালের সেপ্টেম্বরে। অ্যাঙ্কেল ভেঙে যাওয়ায় দক্ষিণ আফ্রিকার ২০২২ ওয়ানডে বিশ্বকাপ দলে জায়গা পাননি তিনি। ওই আসরে তার নেতৃত্ব দেওয়ার কথা ছিল। কিন্তু সেরে উঠতে প্রত্যাশার চেয়ে অনেক বেশি সময় লাগে তার। ২০২৩ সালের শুরুর দিকে তার দেশের হয়ে ফেরার সম্ভাবনা জেগেছিল। কিন্তু বেঁধে দেওয়া সময়ের মধ্যে দুই কিলোমিটারের ট্রায়াল দৌড় শেষ করতে ব্যর্থ হন তিনি। ওই সময়ে ক্রিকেটারদের জন্য ফিটনেসের মানদণ্ড বেশ কঠোর করেছিল সিএসএ। পরে সেটা শিথিল করা হয়।




ফন নিকার্ক সবশেষ ঘরোয়া ক্রিকেটে খেলেছেন গত মার্চে। গত মৌসুমে ওয়েস্টার্ন প্রভিন্সের হয়ে পাঁচটি পঞ্চাশ ওভারের ম্যাচ খেলে ৫৯.৬৬ গড়ে তিনি করেন ১৭৯ রান। পরে ঘরোয়া টি-টোয়েন্টি প্রতিযোগিতায় ১৩৭.৮২ স্ট্রাইক রেটে ৬ ইনিংসে করেন ২১৫।

ইনস্টাগ্রাম পোস্টে অবসরের সিদ্ধান্ত প্রত্যাহার করে নেওয়ার ঘোষণা দেওয়ার পাশাপাশি ক্রিকেট বোর্ডের কাছে ক্ষমা চেয়েছেন ফন নিকার্ক। তিনি জানান, "অবসরের সময়টা আমাকে মনে করিয়ে দিয়েছে যে, আমার দেশের প্রতিনিধিত্ব করা আমি কতটা মিস করেছি। আবারও সেই সুযোগটি পেতে সবকিছু করতে আমি পুরোপুরি প্রতিশ্রুতিবদ্ধ।"

দক্ষিণ আফ্রিকার হয়ে ১০৭ ওয়ানডেতে ৩৬.২৫ গড়ে ফন নিকার্কের রান ২ হাজার ১৭৫। একটি সেঞ্চুরির পাশে ফিফটি ৯টি। এই সংস্করণে হাত ঘুরিয়ে তার উইকেট আছে ১৩৮টি। ৮৬ টি-টোয়েন্টিতে তার রান ১ হাজার ৮৭৭, উইকেট ৬৫টি। খেলেছেন একটি টেস্টও। মিডল অর্ডারে তার অভিজ্ঞতা ও দক্ষতা কাজে লাগবে দক্ষিণ আফ্রিকার।

## এশিয়া কাপে ভারতকে দু'বার হারানোর হুঁশিয়ারি হারিস রউফের



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

এশিয়া কাপ শুরুর আগেই ভারত-পাকিস্তান ম্যাচ ঘিরে উত্তেজনার পারদ চরমে। মাঠে বল গড়ানোর আগেই শুরু হয়ে গেছে কথার লড়াই। এবার সে লড়াইয়ে সরাসরি হুঁশিয়ারি দিয়ে সামনে এলেন পাকিস্তানি পেসার হারিস রউফ।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্স (সাবেক টুইটার)-এ ভাইরাল হওয়া এক ভিডিওতে এক ভক্তের প্রশ্নের জবাবে রউফ বলেন, "দুই ম্যাচই আমাদের, ইনশাআল্লাহ। ভারতকে দু'বারই হারাবে পাকিস্তান।"

আসন্ন এশিয়া কাপে ভারত ও পাকিস্তান পড়েছে একই গ্রুপে। ফলে গ্রুপপর্বে একবার মুখোমুখি হওয়া নিশ্চিত, তবে সুপার ফোর ও ফাইনালে পৌঁছালে আরও এক বা দুইবার হতে পারে ক্রিকেট বিশ্বের সবচেয়ে প্রতীক্ষিত এই দ্বৈরথ।

চূড়ান্ত সূচি অনুযায়ী, এশিয়া কাপ শুরু হচ্ছে আগামী ৯ সেপ্টেম্বর। ভারতের প্রথম ম্যাচ ১০ সেপ্টেম্বর, প্রতিপক্ষ সংযুক্ত আরব আমিরাত। আর পাকিস্তান মাঠে নামবে ১২ সেপ্টেম্বর ওমানের বিপক্ষে।

প্রতীক্ষিত ভারত-পাকিস্তান ম্যাচ অনুষ্ঠিত হবে ১৪ সেপ্টেম্বর।

এই টুর্নামেন্টে ভারত ও পাকিস্তানের পাশাপাশি একই গ্রুপে রয়েছে ওমান ও সংযুক্ত আরব আমিরাত।

দুই দলই ইতোমধ্যে তাদের স্কোয়াড ঘোষণা করেছে। ভারতের নেতৃত্বে আছেন সূর্যকুমার যাদব, আর পাকিস্তানকে নেতৃত্ব দেবেন সালমান আলী আগা।

## নেইমার-ভিনিকে ছাড়াই দল ঘোষণা ব্রাজিলের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



২০২৬ বিশ্বকাপ বাছাই পর্বের শেষ দুই ম্যাচের জন্য দল ঘোষণা করেছে ব্রাজিল। চিলি ও বলিভিয়ার বিপক্ষে ম্যাচের জন্য ঘোষিত এই স্কোয়াডে নেই নেইমারসহ বেশ কিছু অভিজ্ঞ মুখ। জায়গা পেয়েছেন বেশ কয়েকজন তরুণ এবং অভিষেকের অপেক্ষায় থাকা ফুটবলার।

চোটের কারণে নেইমার এবং এডারসন ছিটকে পড়েছেন। নিষেধাজ্ঞার কারণে দলে নেই ভিনিসিউস জুনিয়র এবং জায়গা হারিয়েছেন রদ্রিগো। ব্রাজিলের কোচ কার্লো আনচেলত্তি দলে এনেছেন নয়টি পরিবর্তন। নতুন মুখ হিসেবে প্রথমবারের মতো ডাক পেয়েছেন কাইও হেনরিক, ডগলাস সান্তোস এবং কাইও জর্জ।

এছাড়াও দলে ফিরেছেন ফ্যাব্রিসিও ব্রুনো, গ্যাব্রিয়েল মাগালহেস, জোয়েলিন্টন, লুকাস পাকেতা, জোয়াও পেদ্রো এবং লুইজ হেনরিক। দুই প্রতিপক্ষের মধ্যে চিলির বিশ্বকাপের আশা ইতিমধ্যেই শেষ, তবে বলিভিয়া এখনো প্লে-অফের দৌড়ে রয়েছে। ম্যাচ দুটি অনুষ্ঠিত হবে যথাক্রমে ৪ সেপ্টেম্বর মারাকানা স্টেডিয়ামে (চিলির বিপক্ষে) এবং ৯ সেপ্টেম্বর এল আল্টোতে (বলিভিয়ার বিপক্ষে)।

ব্রাজিলের স্কোয়াড

গোলকিপার : অ্যালিসন, বেন্তো, হুগো সৌজা

ডিফেন্ডার : আলেকসান্দ্রো রিবেইরো, ফ্যাব্রিসিও ব্রুনো, গ্যাব্রিয়েল ম্যাগালহেস, মার্কিনিয়োস, আলেক্স সান্দ্রো, কাইও হেনরিক, ডগলাস সান্তোস, ভেন্ডারসন, ওয়েসলি

মিডফিল্ডার : আন্দ্রে সান্তোস, ব্রুনো গিমারেস, ক্যাসেমিরো, জোয়েলিন্টন, লুকাস পাকেতা

ফরোয়ার্ড : এস্তেভাও, গ্যাব্রিয়েল মার্টিনেল্লি, জোয়াও পেদ্রো, কাইও জর্জ, লুইজ হেনরিক, ম্যাথিয়াস কুনিয়া, রাফিনিয়া ও রিচার্লিসন।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR